

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মধুখালী, ফরিদপুর।

www.madhukhali.faridpur.gov.bd

স্মারক নং-০৫.১২.২৯৫৬.০০০.৯৯.০১০.২২- ৪১৫

তারিখ : ২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**নিলাম বিজ্ঞপ্তি:**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মধুখালী উপজেলার তালিকা বর্ণিত ৫(পাঁচ) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (১। খোদাবাসপুর, ২। নিশ্চিন্তপুর, ৩। রুকনী, ৪। গড়িয়াদহ ও ৫। মেগচামী সপ্রাবি) চিহ্নিত পুরাতন, জরাজীর্ণ ও অকেজো ভবন/স্থাপনা এবং গাছ অপসারণের লক্ষ্যে নিলাম বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অগ্রহী ব্যক্তিদের নিকট হতে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। তফশিলে বর্ণিতভাবে দরপত্র সিডিউল ক্রয়ের স্থান, দরপত্র দাখিলের তারিখ ও স্থান এবং সিডিউলের মূল্য ইত্যাদি জানা যাবে। দার্য তারিখে নিম্নবর্ণিত অফিসসমূহ হতে নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করা যাবে এবং নির্ধারিত অফিসে দরপত্র জমা প্রদান করতে হবে। সিডিউলে বর্ণিত একটি অথবা একাধিক অথবা সকল ভবন ও গাছ ক্রয়ের জন্য দরপ্রস্তাব দাখিল করা যাবে। তাছাড়া বিস্তারিত তথ্য অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

**দরপত্র সিডিউল ক্রয়/বিক্রয় স্থান:**

০১. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর।
০২. উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মধুখালী, ফরিদপুর।
০৩. উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর।

**তফশিল:**

ক্রমিক	দরপত্র ক্রয়/বিক্রয় তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	প্রতি দরপত্রের মূল্য	দরপত্র দাখিলের স্থান	দরপত্র খোলার স্থান তারিখ ও সময়
প্রথম পর্যায়	১৬-০৪-২০২৪ খ্রিস্টাব্দ তারিখ হতে ২৪-০৪-২০২৪ খ্রিস্টাব্দ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত	২৪-০৪-২০২৪ খ্রিস্টাব্দ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর।	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর। ২৪-০৪-২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ৩.০০ ঘটিকার সময়

**শর্তাবলী:**

- ১। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ১০% (শতকরা দশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ২। গৃহীত দরপত্রদাতাকে অবহিত হওয়ার পর ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৯০% (শতকরা ৯০ ভাগ) অর্থসহ সরকারি পাওনা হিসাবে মোট দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে সরকারি কোষাগারে চালানে জমা প্রদান করে মূল চালান জমা প্রদান করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ৩। সমুদয় অর্থ (সরকারি পাওনাসহ) পরিশোধের পরে ভবনটি/ভবনগুলো ও গাছ অপসারণের জন্য কার্যাদেশ প্রদান করা হবে এবং ১০(দশ) দিনের মধ্যে নিজ খরচে তা অপসারণ করতে হবে।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর নির্ধারিত মূল্যের কম হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ৫। দরপত্র দাতাকে তার ব্যবসায়ী/ট্রেড লাইসেন্স এর কপি(যদি থাকে) এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। দরপত্রে উল্লিখিত মূল্য অংক ও কথায় লিখতে হবে।
- ৭। দরপত্র দাখিলের জন্য অবশ্যই দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। ফটোকপি দরপত্র সিডিউল গ্রহণযোগ্য হবে না।
- ৮। প্রথম পর্যায়ের অবিক্রয়কৃত ভবনসমূহ(যদি থাকে) পর্যায়ক্রমে পরবর্তী পর্যায়ে বিক্রয় করা হবে।
- ৯। অকৃতকার্য দরদাতাদের জামানত কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ফেরত প্রদান করা হবে।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। প্রতিটি গ্রুপ এর সিডিউল মূল্য বাবদ আলাদা আলাদা মূল্য (টাকা) প্রদান করতে হবে।



মামনুন আহমেদ অনীক  
উপজেলা নির্বাহী অফিসার  
মধুখালী, ফরিদপুর।

ফোন: ০৬৩২৬-৫৬২৫৫

E-mail: [unomadkhukhalifaridpur@gmail.com](mailto:unomadkhukhalifaridpur@gmail.com)

স্মারক নং-০৫.১২.২৯৫৬.০০০.৯৯.০১০.২২- ৪১৫

তারিখ : ২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৪। সহকারী কমিশনার(ভূমি), মধুখালী, ফরিদপুর।
- ৫। উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৬। উপজেলা প্রকৌশলী, মধুখালী, ফরিদপুর(দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৭। সভাপতি/প্রধান শিক্ষক----- সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধুখালী, ফরিদপুর(নিলাম বিজ্ঞপ্তি বহুল প্রচার ও দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৮। জনাব----- মধুখালী, ফরিদপুর।
- ৯। নোটিশ বোর্ড: উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার(ভূমি), উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর এর কার্যালয় ও ওয়েবপোর্টালসমূহ।
- ১০। অফিস কপি।



মামনুন আহমেদ অনীক  
উপজেলা নির্বাহী অফিসার  
মধুখালী, ফরিদপুর।

ফোন: ০৬৩২৬-৫৬২৫৫

E-mail: [unomadkhukhalifaridpur@gmail.com](mailto:unomadkhukhalifaridpur@gmail.com)